**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১২৮/২০১৭**
**ঢাকা, মঙ্গলবার ৪ জুলাই ২০১৭, ২০ আষাঢ় ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বঙ্গবন্ধু স্যাটেলাইট পরিচালনায় কোম্পানি গঠনের প্রস্তাব মন্ত্রিসভায় অনুমোদন

২। বিচার বিভাগ যে সম্পূর্ণ স্বাধীন তা প্রমাণ হয়েছে : বিচারক অপসারণ রায় সম্পর্কে প্রধানমন্ত্রী

৩। পূর্ণাঙ্গ রায় হাতে পাওয়ার পর সরকার সিদ্ধান্ত নেবে : আইনমন্ত্রী

৪। রাষ্ট্রপতির সঙ্গে উগান্ডার হাইকমিশনারের বিদায়ী সাক্ষাৎ

৫। মালয়েশিয়ায় অবৈধ শ্রমিকরা আগামী ৩১ ডিসেম্বরের মধ্যে বৈধ হতে পারবেন : বাংলাদেশ হাইকমিশন

৬। রোহিঙ্গাদের ফেরত নেওয়ার আলোচনায় সম্মত মায়ানমার

৭। চিকুনগুনিয়া নিয়ন্ত্রণে জনবল বৃদ্ধির তাগিদ স্বাস্থ্যমন্ত্রীর

৮। কুটির শিল্পের উদ্যোক্তারা ১০ লাখ টাকা পর্যন্ত ঋণ পাবেন

৯। স্বল্প ব্যয়ে গৃহ নির্মাণে ঋণ দিচ্ছে আইডিবি

১০। বিজিবি-বিএসএফ রিজিয়ন সম্মেলন আজ

চলমান পাতা/২

১। **বঙ্গবন্ধু স্যাটেলাইট পরিচালনায় কোম্পানি গঠনের প্রস্তাব মন্ত্রিসভায় অনুমোদন**

দেশের প্রথম স্যাটেলাইট, বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানি (বিসিএসসি) লিমিটেড গঠনের প্রস্তাব অনুমোদন করেছে মন্ত্রিসভা। সচিবালয়ে গতকাল ৩ জুলাই সোমবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। মন্ত্রিপরিষদ সচিব বলেন, দেশের প্রথম উপগ্রহ বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ খুব শীঘ্রই মহাকাশে যাত্রা শুরু করবে এবং বাংলাদেশ স্যাটেলাইট ক্লাবে যোগদান করতে যাচ্ছে। এটি পরিচালনার জন্য একটি কোম্পানি গঠন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এছাড়া মন্ত্রিপরিষদ বর্তমান আইনকে আরও সময়োপযোগী করার লক্ষ্যে 'বীজ আইন, ২০১৭'-এর খসড়ার চূড়ান্ত অনুমোদন দিয়েছে। নতুন খসড়া আইন অনুযায়ী, কৃষি মন্ত্রণালয়ের সচিবকে চেয়ারম্যান ও একই মন্ত্রণালয়ের মহাপরিচালককে (সিড উইং) সদস্য সচিব করে ২৫ সদস্যবিশিষ্ট জাতীয় বীজ বোর্ড গঠন করা হবে। বোর্ডের কার্যক্রম সম্পর্কে মন্ত্রিপরিষদ সচিব বলেন, এটি মূলত বীজের গুণগতমান নিয়ন্ত্রণ করবে। প্রয়োজনীয় আইন তৈরির পর বীজ বোর্ডের যাবতীয় কার্যক্রম নির্ধারণ করা হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **প্রথম আলো** (পৃ.২,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

২। **বিচার বিভাগ যে সম্পূর্ণ স্বাধীন তা প্রমাণ হয়েছে : বিচারক অপসারণ রায় সম্পর্কে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিচার বিভাগ সম্পূর্ণ স্বাধীন। তারা যে কতটা স্বাধীন তার প্রমাণ উচ্চ আদালতের বিচারকদের অপসারণের ক্ষমতা জাতীয় সংসদের হাতে প্রদান সংক্রান্ত মামলার এই রায়। গতকাল ৩ জুলাই সোমবার মন্ত্রিসভার বৈঠকে আদালতের রায় সম্পর্কে আইনমন্ত্রী আনিসুল হক প্রধানমন্ত্রীকে অবহিত করলে তিনি বলেন, তাঁরা বিচারক। বিচারক হিসেবে তাঁরা রায় দিয়েছেন। রায় দেওয়ার স্বাধীনতা তাঁদের রয়েছে। তাঁরা যা ন্যায় বলে মনে করেছেন, তাই করেছেন। আর তা করার অধিকার বিচারকদের রয়েছে। কারণ আমাদের বিচার বিভাগ সম্পূর্ণ স্বাধীন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

৩। **পূর্ণাঙ্গ রায় হাতে পাওয়ার পর সরকার সিদ্ধান্ত নেবে : আইনমন্ত্রী**

উচ্চ আদালতের বিচারপতিদের অপসারণের ক্ষমতা সংসদের হাতে দিয়ে সংবিধানের ষোড়শ সংশোধনী 'অবৈধ' ঘোষণার পূর্ণাঙ্গ রায় হাতে পাওয়ার পরই সরকার এ বিষয়ে সিদ্ধান্ত নেবে বলে জানিয়েছেন আইনমন্ত্রী অ্যাডভোকেট আনিসুল হক। গতকাল ৩ জুলাই সোমবার এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৩)।

৪। **রাষ্ট্রপতির সঙ্গে উগান্ডার হাইকমিশনারের বিদায়ী সাক্ষাৎ**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে গতকাল ৩ জুলাই সোমবার বঙ্গভবনে উগান্ডার হাইকমিশনার এলিজাবেথ পলা ন্যাপেয়ক বিদায়ী সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে হাইকমিশনার বাংলাদেশে তাঁর দায়িত্ব পালনকালে সহযোগিতা করার জন্য রাষ্ট্রপতির প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। দুই বন্ধুপ্রতিম রাষ্ট্রের মধ্যে বিদ্যমান বাণিজ্যিক সম্পর্কের কথা উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, উগান্ডা তাদের কৃষিজাত পণ্যের ক্ষেত্রে বাংলাদেশের বিশেষজ্ঞ জ্ঞান ও কৃষি প্রযুক্তির সহায়তা নিতে পারে। রাষ্ট্রপতি সম্ভাবনা যথাযথভাবে কাজে লাগানোর জন্য দু'দেশের মধ্যে উচ্চ পর্যায়ের সফর বিনিময়ের ওপর গুরুত্ব আরোপ করেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৪,ক.৪), **ডেইলি সান** (পৃ.১৪,ক.৬)।

৫। **মালয়েশিয়ায় অবৈধ শ্রমিকরা আগামী ৩১ ডিসেম্বরের মধ্যে বৈধ হতে পারবেন : বাংলাদেশ হাইকমিশন**

মালয়েশিয়ায় অবৈধ শ্রমিকদের রিহায়ারিংয়ের মাধ্যমে বৈধ হওয়ার আহ্বান জানিয়েছেন বাংলাদেশ হাইকমিশনের কাউন্সিলর (শ্রম) মো. সায়েদুল ইসলাম। তিনি বলেন, ই-কার্ড নেওয়ার সময়সীমা শেষ হলেও অবৈধ শ্রমিকদের বৈধ হওয়ায় সময়সীমা শেষ হয়নি। যারা এখনও বৈধ হতে পারেননি তারা আগামী ৩১ ডিসেম্বর পর্যন্ত নিবন্ধনের মাধ্যমে বৈধ হতে পারবেন। গতকাল ৩ জুলাই সোমবার মিশনের হলরুমে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৩), **যুগান্তর** (পৃ.১৪,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.২), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.২)।

**৬। রোহিঙ্গাদের ফেরত নেওয়ার আলোচনায় সম্মত মায়ানমার**

বাংলাদেশে অবৈধভাবে আসা মায়ানমারের নাগরিকদের (রোহিঙ্গা) ফেরত নেওয়ার বিষয়ে আলোচনা করতে সম্মত হয়েছে দেশটির কর্তৃপক্ষ। পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলীর সঙ্গে বৈঠককালে মায়ানমারের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা থাউং টুন এ সম্মতির কথা জানান। বৈঠকে দুই দেশের স্বার্থসংশ্লিষ্ট বিষয় ছাড়াও দ্বিপক্ষীয় বিষয় নিয়ে আলোচনা হয়েছে। গতকাল ৩ জুলাই সোমবার পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৭), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

**৭। চিকুনগুনিয়া নিয়ন্ত্রণে জনবল বৃদ্ধির তাগিদ স্বাস্থ্যমন্ত্রীর**

বহুল আলোচিত চিকুনগুনিয়া রোগের প্রাদুর্ভাব নিয়ন্ত্রণে মশক নিধন কার্যক্রমকে ত্বরান্বিত করতে ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনে জনবল বাড়ানোর তাগিদ দিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম। গতকাল ৩ জুলাই সোমবার মন্ত্রণালয়ের সভাকক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র সাঈদ খোকনকে উদ্দেশ্য করে স্বাস্থ্যমন্ত্রী বলেন, চিকুনগুনিয়া প্রাণঘাতী রোগ না হলেও এর প্রাদুর্ভাব নিয়ন্ত্রণে এডিস মশা নির্মূল করতে হবে। মশক নিধনে সিটি কর্পোরেশনে লোকবল ঘাটতি রয়েছে। তাই দ্রুত এই সমস্যার সমাধানের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ের প্রতি আহ্বান জানিয়ে তিনি বলেন, জনবল কম থাকলে দ্রুত জনবল নিয়োগের ব্যবস্থা করতে হবে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৬), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২)।

**৮। কুটির শিল্পের উদ্যোক্তারা ১০ লাখ টাকা পর্যন্ত ঋণ পাবেন**

কুটির শিল্পের উদ্যোক্তারা এখন থেকে ১০ লাখ টাকা পর্যন্ত ঋণ নিতে পারবেন। বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ নির্দেশনায় এ তথ্য জানানো হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫)।

**৯। স্বল্প ব্যয়ে গৃহ নির্মাণে ঋণ দিচ্ছে আইডিবি**

ইসলামী উন্নয়ন ব্যাংক (আইডিবি) বাংলাদেশে স্বল্প ব্যয়ে গৃহ নির্মাণের লক্ষ্যে রুরাল অ্যান্ড পেরি-আরবান ফাইন্যান্স প্রকল্পে অর্থায়নের জন্য ৯ কোটি ৫২ লাখ ৪০ হাজার ডলার অনুমোদন করেছে। বাংলাদেশি মুদ্রায় এর পরিমাণ প্রায় ৭৬৫ কোটি টাকা। গত ২ জুলাই রোববার জেদ্দায় ব্যাংকটির নির্বাহী পরিচালক বোর্ডের ৩২০তম সভায় এই অনুমোদন দেওয়া হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১), **সংবাদ** (পৃ.১৪,ক.৬), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.১), **নিউ এজ** বিজনেস পাতা (পৃ.১,ক.২)।

**১০। বিজিবি-বিএসএফ রিজিয়ন সম্মেলন আজ**

আজ শুরু হচ্ছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) এর রিজিয়ন কমান্ডার (যশোর ও রংপুর রিজিয়ন) এবং বর্ডার সিকিউরিটি ফোর্স (বিএসএফ) এর ফ্রন্টিয়ার আইজি (নর্থ বেঙ্গল, সাউথ বেঙ্গল ও গৌহাটি ফ্রন্টিয়ার) পর্যায়ে সীমান্ত সমন্বয় সম্মেলন। ভারতের কলকাতায় এ সম্মেলন অনুষ্ঠিত হবে। বরাবরের মতো এবারের সীমান্ত সমন্বয় সম্মেলনে সীমান্ত হত্যাসহ বিভিন্ন ইস্যুতে আলোচনা হবে। বিজিবির অতিরিক্ত মহাপরিচালক শাহরিয়ার আহমেদ চৌধুরীর নেতৃত্বে ২৪ সদস্যের বাংলাদেশ প্রতিনিধিদল সম্মেলনে অংশগ্রহণ করবেন। অন্যদিকে, বিএসএফ নর্থ বেঙ্গল ফ্রন্টিয়ারের আইজি ড. রাজেশ মিশ্রা এর নেতৃত্বে ২৬ সদস্যের ভারতীয় প্রতিনিধিদল সম্মেলনে অংশগ্রহণ করবেন। বিজিবি সদর দফতর থেকে এ তথ্য জানানা হয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **প্রথম আলো** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** দেশে ৭০ লাখ মাদকাসক্তের চিকিৎসায় মাত্র ২২০ জন চিকিৎসক থাকায় চিকিৎসক সংকটে মাদকাসক্তদের চিকিৎসাসেবা চরমভাবে ব্যাহত হচ্ছে উল্লেখ করে এ ব্যাপারে নজর দেওয়ার সুপারিশ।

খ. **সংবাদ, প্রথম আলো, ইনকিলাব, ইন্ডিপেনডেন্ট, নিউ নেশন** : পাহাড়ি ঢলে সৃষ্ট বন্যায় সিলেট বিভাগে ৫ লাখ মানুষ পানিবন্দী হয়ে পড়ার খবরে উদ্বেগ প্রকাশ করে বন্যাদুর্গতদের দ্রুত ত্রাণ সহায়তা দেওয়ার সুপারিশ।

গ. **যুগান্তর** : দেশে বিভিন্ন উন্নয়ন প্রকল্পের ব্যয় কমাতে প্রকল্পে নানা অনিয়ম দুর্নীতি দূর করার ওপর গুরুত্বারোপ।

ঘ. **যায়যায়দিন, সমকাল** : রেমিট্যান্স কমে যাওয়ার খবর অর্থনীতির জন্য সুখবর নয় উল্লেখ করে জনশক্তি রফতানি খাতকে আরও অগ্রসর করার পাশাপাশি রেমিট্যান্স বৃদ্ধিতে কার্যকর উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট** : রাজশাহী অঞ্চলের কমিউনিটি ক্লিনিকগুলো নারীদের বিশেষ করে গর্ভবতী নারীদের সেবা প্রদানে ব্যাপক অবদান রাখায় তৃণমূল পর্যায়ের জনগণের কাছে এসব ক্লিনিকের স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে জেলা-উপজেলা পর্যায়ে আরও উদ্যোগ নেওয়ার সুপারিশ।

চ. **নিউজ টুডে** : দেশের মোট শিক্ষার্থীর মাত্র ১০ শতাংশ কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষায় দক্ষ হওয়ার পরিপ্রেক্ষিতে দক্ষ মানবসম্পদ গড়ে তুলতে সংশ্লিষ্ট নীতিনির্ধারকদের কারিগরি শিক্ষার ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **নিউ নেশন, সংবাদ** : প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সচিব কমিটির বৈঠকের বিষয় তুলে ধরে সম্পাদকীয় প্রকাশ।

**উপ-সম্পাদকীয়**

**আলোকিত বাংলাদেশ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, পাহাড় আমাদের প্রাকৃতিক সম্পদ, তাই এ সম্পদকে সঠিকভাবে কাজে লাগাতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত **'বাংলাদেশে ছাত্র রাজনীতি'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, আপসহীন ত্যাগের মানসিকতাসম্পন্ন দেশপ্রেমিক রাজনৈতিক নেতাদের নেতৃত্বে ছাত্র রাজনীতি সুষ্ঠু ও সঠিক ধারায় ফিরে আসলে ছাত্র রাজনীতির প্রতি জনগণ আস্থাশীল হবে।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/তানিয়া/২০১৭/৯.০০ঘন্টা